| 4. The fishmonger | d) was led by a little dog. |
| 5. James | e) last his fountain pen. |

**12. Fill in the blank with appropriate verbs :** **1x5=5**

| | | | | |
|---|---|---|---|---|
| played | painted | caught | ran | fell |

a) The artist___a picture of his wife.
b) The boys___a race on donkeys.
c) The musician___a race on donkeys.
d) Several apples___down from the tree.
e) The stout policeman soon___the thief.

**13. Write any one of the following paragraph :** **1×10 = 10**

a) How to keep fit

**Or**,

b) A journey by train.

**14. Write any one of the following formal letter/Application :** **1×10 = 10**

a) Write an application to the Principal of your school for a full-free studentship.

**Or**

b) Write an application to the Principal of your school to play a friendly football match.

**15. Write any 1 of the following compositions.** **1×15 = 15**

(a) A journey by boat

**Or,**

(b) Computer

# ক্লুল্যায়ন পরীক্ষা- ২০২০

**শ্রেণি : ষষ্ঠ**
**বিষয় : কৃষিশিক্ষা**
**(সৃজনশীল)**

সময় : ২.৩০ ঘণ্টা পূর্ণমান -৭০

**যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাও।**

১। বাংলাদেশে অনেকগুলো কৃষি গবেষণা প্রতিষ্ঠান রয়েছে। বেশিরভাগ গবেষণা প্রতিষ্ঠানই নির্দিষ্ট ফসলের উপর গবেষণা করে। এতে কৃষি বিজ্ঞানীদের অনেক ভূমিকা রয়েছে।

ক) আমাদের দৈনিক মাথাপিছু মাছের চাহিদা কত গ্রাম? ১
খ) বনায়ন বলতে কি বুঝায়? ২
গ) কৃষি বিজ্ঞানীদের সম্পর্কে বর্ণনা কর। ৩
ঘ) কৃষি গবেষণা প্রতিষ্ঠানের গুরুত্ব বর্ণনা কর। ৪

২। কৃষি প্রযুক্তি কৃষি কার্যক্রমকে অনেক সহজ করেছে। বর্তমানে কৃষির সব কাজে কৃষি প্রযুক্তির ব্যবহারই বেশি উল্লেখযোগ্য ভূমিকা রাখে।

ক) ফসল কী? ১
খ) সামাজিক বনায়ন বলতে কি বুঝায়? ২
গ) বসতবাড়িতে বৃক্ষরোপণ পদ্ধতি সম্পর্কে বর্ণনা কর। ৩
ঘ) বসত বাড়িতে বৃক্ষরোপণের চিত্র অংকন কর। ৪

৩। প্রত্যেক ফসল মাড়াই মৌসুমেই কৃষক গণি মিয়ার আঙ্গিনায় খড়কুটা চিটা ও লতাপাতা ইত্যাদি আবর্জনায় ভরে যায়। এতে বাড়ির চারপাশের পরিবেশ নোংরা ও অস্বাস্থ্যকর হয়ে পড়ে। উপজেলা কৃষি কর্মকর্তার পরামর্শক্রমে গণি মিয়ার উক্ত আর্বজনা সদ্ব্যবহারের পদ্ধতি গ্রহণ করলেন এবং তার কৃষি জমিতে এগুলো প্রয়োগের সিদ্ধান্ত নিলেন।

ক) সেচ কী? ১
খ) জৈব পদার্থকে মাটির প্রাণ বলা হয় কেন? ২
গ) গণি মিয়া কিভাবে তার বাড়ির আবর্জনা সদ্ব্যবহার করবে? পদ্ধতিটি বর্ণনা কর। ৩
ঘ) গণি মিয়ার সিদ্ধান্তটি তার কৃষি কর্মকাণ্ডকে কিভাবে প্রভাবিত করবে তা বর্ণনা কর। ৪

৪। বাংলাদেশ একটি জনবহুল দেশ। দিন দিন জমির পরিমান কমে যাচ্ছে। তাই অল্প জমিতে বেশী ফসল উৎপাদনের জন্য জৈব সার ও রাসায়নিক সার ব্যবহার একান্ত অপরিহার্য।

ক) সার কী? ১
খ) বেলে মাটিতে কি কি ফসল চাষ করা যায়? ২
গ) জমিতে রাসায়নিক সার প্রয়োগের ৩টি অসুবিধা লেখ। ৩
ঘ) জমিতে জৈব সার প্রয়োগের ৪টি সুবিধা লেখ। ৪

৫। বীজ থেকেই নতুন বীজের জন্ম। বিভিন্ন ভাবে বীজকে শ্রেণী বিভাগ করা যায়। ভালো বীজের অনেকগুলো বৈশিষ্ট্য রয়েছে।

ক) বীজ কাকে বলে? ১
খ) বীজাবরণের ভিত্তিতে বীজ কত প্রকার ও কি কি? ২
গ) উদ্ভিদতাত্ত্বিক বীজ ও কৃষিতাত্ত্বিক বীজ সম্পর্কে বর্ণনা কর। ৩
ঘ) ভালো বীজের ৪টি বৈশিষ্ট্য বর্ণনা কর। ৪

৬। দৃশ্যকল্প-১ আঁচড়া বা বিদা একটি কৃষি যন্ত্রপাতি।
দৃশ্যকল্প-২ নিড়ানি একটি কৃষি যন্ত্রপাতি।

ক) লাঙ্গলের হাতল কাকে বলে? ১
খ) লাঙ্গল ব্যবহারের ২টি সুবিধা লেখ। ২
গ) আঁচড়া বা বিদার ৩টি কাজ লেখ। ৩
ঘ) নিড়ানির গঠন ও কাজ বর্ণনা কর। ৪

৭। খাঁচায় মাছ চাষ হল নিবিড় চাষ। খাঁচায় পাঙ্গাস ও তেলাপিয়ার চাষ করা হয়।

ক) প্রতি ৩ মাস অন্তর ১ ঘন মিটার খাঁচা হতে কতে কেজি তেলাপিয়া পাওয়া সম্ভব। ১
খ) জোয়াল বলতে কি বুঝায়? ২
গ) খাঁচায় মাছ চাষ কিভাবে করা যায় তা বর্ণনা কর। ৩
ঘ) খাঁচায় মাছ চাষের চিহ্নিত চিত্র অংকন কর। ৪

৮। দৃশ্যকল্প-১ ধান গাছ
দৃশ্যকল্প-২ আম গাছ

ক) উদ্যান ফসল কী? ১
খ) কৃষিই মানুষের মৌলিক চাহিদা পূরণ করে? ব্যাখ্যা কর। ২
গ) দৃশ্যকল্প-১ এর ফসলটির গুরুত্ব বর্ণনা কর। ৩
ঘ) অর্থনৈতিক বিবেচনায় দৃশ্যকল্প-১ এবং দৃশ্যকল্প-২ এর কোন ফসলটি অধিকতর গুরুত্বপূর্ণ? এ সম্পর্কে তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

৯। কৃষিকাজকে অনেক সহজ করেছে নানান কৃষি যন্ত্রপাতি উদ্ভাবনের ফলে। যেমনঃ পাওয়ার টিলার, সেন্ট্রিফিউপাল গাম্প, বারি শস্য মাড়াই যন্ত্র ইত্যাদি।

ক) কৃষি প্রযুক্তি কাকে বলে? ১
খ) বারিশস্য ঝাড়াই যন্ত্রের ২টি সুবিধা লেখ। ২
গ) পাওয়ার টিলারের ব্যবহার ও কার্যাবলী বর্ণনা কর। ৩
ঘ) সেন্ট্রিপিউগাল পাম্প কী? এর ৩টি সুবিদা লেখ। ৪

১০। কৃষিকাণ্ডে বিরাট অংশ জুড়ে আছে পশু পাখি প্রতিপালক। পশুপাখি ছাড়া ফসল উৎপাদন ও পুষ্টির কথা ভাবা যায় না। মাঠ ফসল এবং উদ্যান ফসল আমাদের খাদ্যের স্নেহ জাতীয় পদার্থ, ভিটামিন ও খনিজ পদার্থ সরবরাহ করে।

ক) বাংলাদেশে কতটি কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট আছে? ১
খ) অভিজ্ঞ কৃষক বলতে কি বুঝায়? ২
গ) মাঠ ফসলের গুরুত্ব পাঠ্য বইয়ের আলোকে বর্ণনা কর। ৩
ঘ) উদ্যান ফসল সম্পর্কে পাঠ্য বইয়ের আলোকে বর্ণনা কর। ৪

১১। জনাব কাশেম একজন কৃষক। তিনি খাদ্যশস্য উৎপাদন করার পাশাপাশি নানান কাপড়ের কারখানাও স্থাপন করেন। তিনি দেশের কাপড়ের চাহিদা পূরণ করে বিদেশে রপ্তানি করেন।

ক) মুক্তিযুদ্ধে কত লক্ষ বাঙালি শহিদ হন? ১

খ) প্রাচীনযুগে বাংলাদেশের কৃষিখাত কেমন ছিল? ২

গ) জনাব কাশেমের উৎপাদিত কৃষিজাত দ্রব্য প্রাচীনকালের সাথে কীভাবে তুলনীয় ব্যাখ্যা কর। ৩

ঘ) প্রাচীনকালে এ দ্রব্যগুলোর ওপর বাংলাদেশের অর্থনীতি নির্ভরশীল ছিল– তোমার মতামত দাও। ৪

# মূল্যায়ন পরীক্ষা- ২০২০

## শ্রেণি : ষষ্ঠ

## বিষয় : বাংলাদেশ ও বিশ্ব পরিচয়

## (সৃজনশীল)

সময় : ২.৩০ ঘণ্টা পূর্ণমান -৭০

[দ্রষ্টব্যঃ ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোন ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। প্রাচীনযুগ থেকেই বাংলাদেশের তাঁতিরা মিহি সুতি ও রেশমি কাপড় বুনতে পারদর্শী ছিল। আমরা জানি বাংলাদেশের মসলিন কাপড় পৃথিবী বিখ্যাত ছিল। এই মসলিন তখনও রপ্তানি হতো। এছাড়াও তখন উন্নতমানের মৃৎপাত্র, ধাতবপাত্র ও অলংকার নির্মাণ হতো। পোড়ামাটি, ধাতব ও পাথরের ভাস্কর্য ও মূর্তি ছিল প্রশংসনীয় শিল্প। ছাপাঙ্কিত রৌপ্য মুদ্রা, স্বল্প-মূল্যবান পাথর ও কাচের পুঁতিও তৈরি হতো।

ক) বাংলাদেশের প্রথম দীর্ঘস্থায়ী রাজবংশের নাম কী? ১

খ) কৈবর্ত বিদ্রোহ বলতে কী বুঝ? ২

গ) উদ্দীপকটি প্রাচীন বাংলাদেশের কোন শিল্পটিকে ইঙ্গিত করছে–ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে উল্লিখিত শিল্পটি ছাড়াও প্রাচীন বাংলাদেশ আরো অনেক দিক থেকে গৌরব অর্জন করে– উক্তিটির সপক্ষে যুক্তি দাও। ৪

২। মিতু মিশর দেশের নীল নদের তীরে বেড়াতে গিয়েছিল। সেখানে গিয়ে সে জানতে পারল সেখানকার রাজাদের অনেক আগে ‘ফারাও’ বলে ডাকা হতো। নীল নদের তীরে ৫০০০ বছর পূর্বে একটা সভ্যতা গড়ে উঠেছিল।


ক) ভারত উপমহাদেশের সবচেয়ে পুরানো সভ্যতার নাম কী? ১

খ) ‘মহাস্থানগড় ছিল একটি সমৃদ্ধ নগর’–ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে কোন সভ্যতার কথা বলা হয়েছে–বিশ্লেষণ কর। ৩

ঘ) উক্ত সভ্যতার পাশাপাশি প্রাচীন বিশ্ব সভ্যতায় গ্রিক সভ্যতা ও গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিল– উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৩।



ক) পৃথিবীর মোট আয়তনের কত ভাগ স্থলভাগ? ১

খ) ভারত মহাসাগর সম্পর্কে ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের চিত্রটি পৃথিবীর সর্বোচ্চ পর্বত শৃঙ্গকে নির্দেশ করে"- উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৩

ঘ) এশিয়া মহাদেশের জনসংখ্যা ও ধর্ম সম্পর্কে তথ্য উপস্থাপন কর। ৪

৪। রিয়াজ গত বছর পরিবারের সাথে 'ক' মহাসাগরে ঘুরতে যায়। এই মহাসাগরের পানির বিস্তার, গভীরতা ও আয়তন পৃথিবীর অন্যান্য মহাসাগরের তুলনায় অনেক বেশি। রিয়াজকে তার বাবা বললেন-এই মহাসাগরে জাপান সাগর, পীত সাগর ও চীন সাগর এসে মিশেছে।

ক) মহাসাগর কাকে বলে? ১

খ) জাপানকে সূর্যোদয়ের দেশ বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের 'ক' চিহ্নিত মহাসাগরটি কোন মহাসাগরকে নির্দেশ করে- ব্যাখ্যা কর। ৩

ঘ) "পৃথিবীতে মহাসাগর ও সাগরের গুরুত্ব অপরিসীম"- তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৫। পৃথিবীর সবদেশে জনসংখ্যা সমান নয়। কোনো দেশে জনসংখ্যা বেশি আবার কোনো দেশে জনসংখ্যা কম। দরিদ্র দেশে জন্মহার বেশি আবার ধনী দেশে জন্মহার কম হয়ে থাকে।

ক) জন্মহার কাকে বলে? ১

খ) উন্নতদেশে জন্মহার কম থাকার কারণ বুঝিয়ে লেখ। ২

গ) উদ্দীপকের আলোকে জন্মহার তারতম্যের কারণগুলো বিশ্লেষণ কর। ৩

ঘ) তুমি কি মনে কর দেশের সম্পদের কথা বিবেচনা করে জন্মহার নিয়ন্ত্রণে রাখা প্রয়োজন"- উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬। সমাজজীবন স্থানান্তরের প্রভাব অনেক। স্থানান্তরের কারণে মানুষ যে এলাকায় গমন করে সে এলাকা বিস্তৃতি লাভ করে। জনসংখ্যার ঘনত্ব বেড়ে যায়। যেমন- ঢাকা শহর দশ বছর আগেও সীমিত এলাকা নিয়ে ছিল। কিন্তু এখন এ শহরের বিস্তৃতি ব্যাপক।

ক) মানুষ কুসংস্কারাচ্ছন্ন হয়ে পড়ে কিসের অভাবে? ১

খ) মৃত্যুহার কমাতে দেশকে দারিদ্রতার হাত থেকে রক্ষা করতে হবে- ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে উল্লেখিত স্থানান্তরের তারতম্যের কারণগুলো উল্লেখ কর। ৩

ঘ) সমাজ জীবনে স্থানান্তর কিভাবে প্রভাব ফেলছে বলে তুমি মনে কর। -বিশ্লেষণ কর। ৪

৭। দৃশ্যকল্প-১ ঃ পৃথিবীর বিখ্যাত কাপড় ছিল মসলিন; প্রশংসনীয় শিল্প ছিল পাথরের ভাস্কর্য ও মূর্তি।

দৃশ্যকল্প-২ ঃ ব্রাহ্মণ ও বৌদ্ধদের মধ্যে ভেদাভেদ ছিল না, প্রধানমন্ত্রী ছিলেন একজন ব্রাহ্মণ।

ক) ইংরেজরা প্রায় কত বছর ভারত উপমহাদেশ শাসন করেছিল? ১

খ) বাঙালি জাতি মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিল কেন? ২

গ) দৃশ্যকল্প-১ এ প্রাচীন বাংলাদেশের কোন শিল্পের প্রতিচ্ছবি? ৩

ঘ) দৃশ্যকল্প-২ এ পালযুগের ধর্মীয় সম্প্রীতিই চিত্রিত হয়েছে- তুমি কি বক্তব্যটি সমর্থন কর? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৮। শোভা এমন একটি এলাকায় বেড়াতে গিয়েছিল যেখানে তাম্র-যুগের গর্ত বসতির চিহ্ন আবিষ্কৃত হয়েছে। নগরটি প্রায় ২৫০০ বছরের পুরনো।

ক) বাংলাদেশে সবচেয়ে প্রাচীন চিত্রশিল্প কোথায় পাওয়া গিয়েছে? ১

খ) গ্রিক সভ্যতা কী? ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে শোভার দেখা নগরটি কোথায় অবস্থিত? নগরটির পরিচয় ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের উক্ত নগরটি অনুরূপ বাংলাদেশের অন্য একটি নগরের বর্ণনা দাও। ৪

৯। সেতু পড়াশুনায় খুব ভালো। একদিন সে একটি মানচিত্র দেখছিল। মানচিত্রে সে সাগর, মহাসাগর, পর্বত, নদী, দ্বীপ ইত্যাদি দেখতে পেল। সেই মানচিত্রে সে বাংলাদেশও খুঁজে পেল।

ক) বাংলাদেশের প্রধান সমুদ্র বন্দর কোনটি? ১

খ) এশিয়া মহাদেশের ভৌগোলিক অবস্থান তুলে ধর। ২

গ) মানচিত্র দেখে সেতু কী কী দেখতে পারে? ব্যাখ্যা কর। ৩

ঘ) "এশিয়া মহাদেশ পৃথিবীর সম্পদশালী মহাদেশ।" উক্তিটি বিশ্লেষণ কর।৪

১০।

| | |
|---|---|
| আয়তন | ৪ কোটি ৪৬ লক্ষ ১৪ হাজার বর্গ কি. মি.। |
| জনসংখ্যা | চারশ কোটিরও বেশি। |
| নিদর্শন | মহাপ্রাচীর ও ব্যাবিলনের শূন্য উদ্যান। |

ক) বঙ্গোপসাগরের গড় গভীরতা কত? ১

খ) এশিয়া মহাদেশের পরিচয় দাও। ২

গ) উল্লেখিত তথ্যগুলো কোন মহাদেশের ক্ষেত্রে প্রযোজ্য? উক্ত মহাদেশ সম্পর্কে ব্যাখ্যা দাও। ৩

ঘ) উক্ত মহাদেশের অর্থনীতি সম্পর্কে বিশ্লেষণ কর। ৪

# মূল্যায়ন পরীক্ষা- ২০২০ খ্রিঃ

## শ্রেণি : ষষ্ঠ

## বিষয় : বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা

## (সৃজনশীল)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান -৭০

**যে কোনো সাতটি সৃজনশীল প্রশ্নের উত্তর লেখ ঃ** **১০×৭ = ৭০**

১। বিজয় চাক্মা শহরে যাওয়ার সময় দেখলেন এক পথশিশু গাড়ির সাথে ধাক্কা লেগে মাথায় আঘাত পেয়েছে। এ দৃশ্য সহ্য করতে না পেরে তিনি হাসপাতালে নিয়ে শিশুটির চিকিৎসার ব্যবস্থা করেন। পরে শিশুটি সুস্থ হলে তাকে মায়ের হাতে তুলে দেন।

ক) সিদ্ধার্থ চতুর্থ দিন নগর ভ্রমণে গিয়ে কী দেখলেন? ১

খ) ছেলে ও বউয়ের মনোভাব কীভাবে পরিবর্তন হলো? ২

গ) বিজয় চাক্মার আচরণে সিদ্ধার্থের কোন গুণটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) উক্ত গুণের ফলে বিজয় চাক্মার মন থেকে কী দূরীভূত হতে পারে? বিশ্লেষণ কর। ৪

২।

| বিষয় | ঘটনা |
|---|---|
| ১। জন্ম | শালবৃক্ষের নিচে |
| ২। পিতৃভূমি | কপিলাবস্তু |
| ৩। বিবাহ | ১৬ বছর |
| ৪। ধ্যান | ৬ বছর |

ক) কে হাঁসটিকে তীর বিদ্ধ করল? ১

খ) ঋষি অসিত কী ভবিষ্যদ্বানী করলেন? ২

গ) উদ্দিপকের ছকে কার জীবনী নিদেশ করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে যার জীবনী প্রদর্শন করছে তার জীবন বিশ্লেষণ কর। ৪

৩। তন্বী নিত্য নৈমিত্তিক কাজ করে। সে বাড়িতে বুদ্ধের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে। মাঝে মাঝে সে বিহারেও যায়। সে তার পিতামাতা, বন্ধু ও ভাইবোনের সাথে শ্রদ্ধা জ্ঞাপন করেন।

ক) বুদ্ধ কোথায় বসে ধ্যান করেন? ১

খ) অনিমেষ স্থান কী? ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের তন্বী কী পালন করে? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের ঘটনাটি বিশ্লেষণ কর। ৪

৪। অরুণ দীপ প্রতিদিন তার বাবা-মাকে প্রণাম করে ঘর থেকে বের হয়। সে মাকে সাধারণভাবে প্রণাম করলেও বাবাকে একটি পালি শ্লোকের মাধ্যমে বন্দনা জানায়। বৌদ্ধমতে এমন কাজের সুফল হিসেবে সে ইহকাল ও পরকালে সুখ ভোগ করে।

ক) রাজায়তন স্থানে বুদ্ধ কতদিন ছিলেন? ১

খ) মুচলিন্দ স্থান বলতে কী বোঝ? ২

গ) উদ্দীপকে অরুনদীপের করা বন্দনাটি পালিতে ও বাংলায় অনুবাদসহ ব্যাখ্যা কর। ৩

ঘ) উক্ত বন্দনা ছাড়াও বৌদ্ধরা পালি শ্লোকের মাধ্যমে মাকে যে কারণে বন্দনা জানায় তা বাংলায় অনুবাদসহ বিশ্লেষণ কর। ৪

৫। মন্দিনী কথনো মিথ্যা বলে না, চুরি করে না। সে সর্বদা চেষ্ট করে সৎপথে থাকার। সে ভবিষ্যতে অনেক বড় হবে।

ক) দশশীলের অপর নাম কী? ১

খ) পঞ্চশীলের তিনটি সুফল লেখ। ২

গ) উদ্দীপকে যে বিষয়টির ইঙ্গিত রয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ) উক্ত বিষয়টির প্রয়োজনীয়তা তোমার জীবনে আছে কী? বিশ্লেষণ কর। ৪

৬। প্রীতম খুবই ধর্ম পরায়ণ ব্যক্তি। সে নিয়মিত বৌদ্ধ বিহারে গিয়ে প্রার্থনা করে সবসময় সত্য কথা বলে। কোনো প্রাণী হত্যা করে না কারো জিনিসের প্রতি সে লোভ করে না। প্রীতম সবসময় ধর্মীয় নীতি অনুসরণ করে জীবনযাপন করার চেষ্টা করে। ফলে সকলেই তাকে পছন্দ করে।

ক) শীল শব্দের অর্থ কী? ১

খ) কীভাবের পঞ্চশীল গ্রহণ করতে হয়? ২

গ) উদ্দীপকের প্রীতমকে কোন ধরনের উপাসক বলা হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ) তুমি কি মনে কর উদ্দীপকের প্রীতমের কর্মকাণ্ডের ফলে সে জন্ম জন্মান্তরে সুগতি লাভ করে? তোমার মতামত দাও। ৪

৭। প্রিয়া বড়ুয়া একজন পুণ্যবতী মহিলা। তিনি প্রতিদিন বিহারে গিয়ে বুদ্ধ, ধর্ম ও সংঘের বন্দনা করেন। তিনি প্রাণী হত্যা, চুরি, ব্যভিচার, মিথ্যাকথা বলা ও মাদক জাতীয় দ্রব্য গ্রহণ করা থেকে বিরত থাকেন। এছাড়া অমাবস্যা, অষ্টমী ও পূর্ণিমা তিথিতে যথাযথভাবে শীল পালন করেন।

ক) শীল কয় প্রকার? ১

খ) নিত্য পালনীয় শীলের প্রার্থনা পালি কিংবা বাংলায় উল্লেখ কর। ২

গ) প্রিয়া বড়ুয়াকে কোন ধরণের উপাসিকা বলা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে বর্ণিত প্রিয়ার আচরণ জন্ম-জন্মান্তরে সুগতি লাভ করবে–উত্তরের সপক্ষে পাঠ্যপুস্তকের আলোকে যুক্তি দাও। ৪

৮। দান মানব জীবনের মহৎগুণ। ছোট বড় সকল প্রকার দানের সুফল রয়েছে। দানের মাধ্যমে দাতা অনেক পুণ্যফল অর্জন করেন।

ক) দানের মাধ্যমে দাতা কী অর্জন করেন? ১

খ) প্রতিগ্রাহক সম্পত্তি বলতে কী বুঝায়? বর্ণনা কর। ২

গ) উদ্দীপকে আলোচিত দানের বিবেচ্য বিষয়সমূহ ব্যাখ্যা কর। ৩

ঘ) উক্ত বিষয়ের উদাহরণ স্বরূপ দাতার বৈশিষ্ট্য ও প্রকার ভেদ বিশ্লেষণ কর। ৪

৯। অন্নং পানং বত্থুং যানং
মালাগন্ধ বিলেপনং
সেয্যা বসথ পদীপেয্যং
দান বত্থু ইযে দসা।

ক) বৌদ্ধধর্মে মৈত্রী কী? ১

খ) দানের প্রক্রিয়া ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের পালি গাথাটি পাঠ্য বইয়ের কোন বিষয়ের সাথে মিল রয়েছে? তা বাংলায় ব্যাখ্যা কর। ৩

ঘ) উক্ত বিষয়ের কিছু দৃষ্টান্ত উপস্থাপন করে বিশ্লেষণ কর। ৪

১০। ধর্মীয় গুরু ধর্ম আলোচনায় ভক্তদের দান সম্পর্কে বলেন, "দীয়তীতি দানং" –অর্থাৎ যা দেওয়া হয় তাই দান। কিন্তু দানের সাথে স্বত্বত্যাগ বিষয়টি জড়িত। কেননা সব বস্তুই দান করা যায় না।

ক) দান কাকে বলে? ১

খ) উত্তম দানীয় বস্তু সম্পর্কে ধারণা দাও। ২

গ) বৌদ্ধধর্মে দানের গুরুত্ব সম্পর্কে ধারণা উপস্থাপন কর। ৩

ঘ) "নিঃস্বার্থ ও স্বত্বহীন যে দান তাই প্রকৃত দান"– উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

# মূল্যায়ন পরীক্ষা- ২০২০

## শ্রেণি : ষষ্ঠ

## বিষয় : হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

## (সৃজনশীল)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান -৭০

**নিচের উদ্দীপকগুলো পড় এবং যে কোন সাতটি প্রশ্নের উত্তর দাও।**

১। রাজু ও সাজু দুই ভাই। রাজু প্রকৃতির মধ্যে সৃষ্টিকর্তার অবস্থান উপলব্ধি করে। অপরদিকে সাজু সারাক্ষণ বিজ্ঞান নিয়ে চিন্তা-ভাবনা করে। সুযোগ পেলেই সে কম্পিউটারে বিভিন্ন বিষয় নিয়ে গবেষণায় ব্যস্ত হয়ে পড়ে। তার ধারণা বিজ্ঞানই সবকিছু।

ক) হিন্দুধর্ম অনুসারে সৃষ্টিকর্তাকে কী নামে অভিহিত করা হয়? ১

খ) জীবাত্মাকে পরমাত্মার অংশ বলা হয় কেন? ২

গ) ‘স্রষ্টা ও সৃষ্টি’ অধ্যায়ের সারকথার সাথে সাজুর ধারণার মূল পার্থক্য ব্যাখ্যা কর। ৩

ঘ) রাজুর উপলব্ধির মূলে রয়েছে ‘ঈশ্বরের প্রতি বিশ্বাস’− বিশ্লেষণ কর। ৪

২। সীমার মাঝে অসীম তুমি
বাজাও আপনসুর
আমার মধ্যে তোমার প্রকাশ
তাই এত মধুর।

ক) মন্ত্র কাকে বলে? ১

খ) প্রকৃতির দৃশ্য এত সুন্দর লাগে কেন? ২

গ) উদ্দীপকের শেষোক্ত চরণদ্বয়ে সর্বজীবে ঈশ্বরের অবস্থান সম্পর্কে ব্যাখ্যা কর। ৩

ঘ) ঈশ্বরের স্বরূপ বোঝাতে উদ্দীপকটিই যথেষ্ট− বুঝিয়ে লেখ। ৪

৩। “বহুরূপে সম্মুখে তোমা ছাড়ি কোথা খুঁজিছ ঈশ্বর
জীবে প্রেম করে যেইজন, সেইজন সেবিছে ঈশ্বর।”

ক) ঈশ্বরের অপর নাম কী? ১

খ) পরমাত্মা বলতে কী বোঝায়? ২

গ) ‘ঈশ্বরই পৃথিবীর সবকিছুর স্রষ্টা’−ব্যাখ্যা কর? ৩

ঘ) উপরোক্ত উদ্দীপকটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৪। প্রতিটি জীবদেহে তাঁর উপস্থিতি আমাদের স্মরণ করিয়ে দেয় সৃষ্টির উপর তাঁর কর্তৃত্বের কথা, সৃষ্টির মধ্যে তাঁর অস্তিত্বের কথা। জীবের অস্তিত্ব স্রষ্টা বা ঈশ্বরের উপর নির্ভরশীল।


ক) আত্মা কাকে বলে? ১

খ) আমরা প্রতিটি জীবকে ঈশ্বরজ্ঞানে পূজা করি কেন? ২

গ) 'আত্মাই জীবদেহের প্রাণ, আত্মাই ঈশ্বর'। –ব্যাখ্যা কর। ৩

ঘ) "জীবের অস্তিত্ব স্রষ্টা বা ঈশ্বরের উপর নির্ভরশীল।"–বিশ্লেষণ কর। ৪

৫।




ক) যজুঃ মানে কী? ১

খ) বেদ সৃষ্ট নয়, দৃষ্ট। – এ কথাটি কেন বলা হয়? ২

গ) উদ্দীপকে উল্লেখিত '?' স্থানে কী বসবে? উল্লিখিত বিষয়টি কীভাবে আমাদের একজন ভালো মানুষ হিসেবে গড়ে উঠতে সহায়তা করে? ৩

ঘ) "অন্যায়ের বিরুদ্ধে আমাদের রুখে দাঁড়াবার প্রেরণা দেয় শ্রীমদ্ভগবদ্গীতা"। –বিশ্লেষণ কর। ৪

৬।




ক) কে বেদকে বিভক্ত করেছেন? ১

খ) মর্ত্যের দেবতা বলতে কী বোঝায়? ২

গ) উপযুক্ত '?' স্থানে কী বসবে? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে উল্লিখিত সর্বাপেক্ষা প্রাচীন গ্রন্থ কোনটি? বিশ্লেষণ কর। ৪

৭। সৌমেন স্যার শ্রেণীতে পাঠদান কালে বলেছিলেন, বেদ হিন্দুদের আদি ধর্মগ্রন্থ। এ জ্ঞান পবিত্র। বেদ ঋষিদের ধ্যানলব্ধ পবিত্র জ্ঞান। বেদে বহু দেব-দেবীর বর্ণনা পাওয়া যায়।

ক) ধ্যান কাকে বলে? ১

খ) ধর্মগ্রন্থ বলতে কী বোঝ? ২

গ) 'বেদ ঋষিদের ধ্যানলব্ধ পবিত্র জ্ঞান।'–ব্যাখ্যা কর। ৩

ঘ) "বেদে বহু দেব-দেবীর বর্ণনা পাওয়া যায়"– উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৮। কর্মণ্যেবাধিকারস্তে মা ফলেষু কদাচন।
মা কর্মফলহেতুর্ভূর্মা তে সঙ্গোহস্ত্বকর্মনি। গীতা ২/৪৭

ক) উপরোক্ত উক্তিটি কে করেছেন? ১

খ) নিষ্কাম কর্ম বলতে কী বোঝায়? ২

গ) শ্রীমদ্ভগবদ্ গীতার বিষয়বস্তু সম্পর্কে লিখ। ৩

ঘ) উপরোক্ত উদ্দীপকটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৯। সত্যবাদিতা একটি বিশেষ গুণ। এ গুণ যার থাকে তিনি সমাজে বিশেষভাবে সম্মানিত হন। সত্যবাদিতা মানব চরিত্রের একটি বিশেষ গুণ।

ক) সত্যকামের মায়ের নাম কী? ১

খ) নৈতিক শিক্ষা বলতে কী বোঝায়? ২

গ) ব্যক্তি ও সামাজিক জীবনে সত্যবাদীতা সম্পর্কিত উপাখ্যানের শিক্ষার গুরুত্ব ব্যাখ্যা কর। ৩

ঘ) সত্য কথা বলার অভ্যাস গঠনে পরিবারের ভূমিকা ব্যাখ্যা কর। ৪

১০। "গুরুদেব, আমি আমার গোত্র কী তা জানি না। আমার মায়ের নাম জবালা। তাই আমি জাবাল সত্যকাম।"

ক) কোন শব্দ থেকে নৈতিক শব্দের উৎপত্তি? ১

খ) মূল্যবোধ বলতে কী বোঝ? ২

গ) 'আমার মায়ের নাম জবালা। তাই আমি জাবাল সত্যকাম।'– ব্যাখ্যা কর। ৩

ঘ) 'সত্যবাদী সত্যকাম' উপাখ্যানটির শিক্ষা তুমি তোমার জীবনে কীভাবে কাজে লাগাবে? ব্যাখ্যা কর। ৪

১১। ক্ষমা একটি মহৎ গুণ। ক্ষমা ধর্মের অঙ্গ। ক্ষমা দ্বারা অপরাধীর মনে অনুশোচনা হয়। এতে তার আত্মশুদ্ধির সুযোগ ঘটে।

(ক) ক্ষমা কাকে বলে? ১

(খ) অপরাধীকে ক্ষমা করা হয় কেন? ২

(গ) 'ক্ষমা ধর্মের অঙ্গ'– ব্যাখ্যা কর। ৩

(ঘ) ক্ষমার আদর্শ গঠনে পরিবারের ভূমিকা ব্যাখ্যা কর। ৪

১১। তাসিব তার দাদার নিকট জানতে পারে কুরান মাজিদে এমন কতগুলো আয়াত আছে যা শুনলে বা পড়লে সিজদা করা জরুরী হয়ে যায়। দাদা তাসিবকে ঐ সিজদার নিয়ম শিখেয়ে দেন। দাদা আরো বললেন কুরআন মাজিদ বেশী বেশী তিলাওয়াত করবে কারণ কুরান মাজিদ আল্লাহর দেওয়া সবচেয়ে বড় নিয়ামত।

ক) তাকবীরে তাহরিমা কি? ১

খ) সিজদায়ে তিলাওয়াতের শর্ত কয়টি ও কি কি? ২

গ) তাসিব কিভাবে সিজদায়ে তিলাওয়াত আদায় করবে? ব্যাখ্যা কর। ৩

ঘ) "কুরান মাজিদ আল্লাহর দেওয়া বড় নিয়ামত" উক্তিটি বিশ্লেষণ কর। ৪

# মূল্যায়ন পরীক্ষা- ২০২০

**শ্রেণি : ষষ্ঠ**

**বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা**

**(সৃজনশীল)**

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান -৭০

**নিচের উদ্দীপকগুলো পড় এবং যে কোন সাতটি প্রশ্নের উত্তর দাও।**

১। বার্ষিক পরীক্ষা শেষ করে আলম তার ফুফুর বাড়ীতে বেড়াতে গেল। তার ফুফাত ভাই আবরার তাকে নিয়ে সুন্দরবন বেড়াতে গেল। সুন্দরবনের গাছগাছালী ও সমুদ্র তীরের মনোরম দৃশ্যাবলী দেখে সে মুগ্ধ হলো এবং তার ফুফাত ভাই আবরারকে বলল কি চমৎকার সৃষ্টি। সে আবরারকে প্রশ্ন করল এসব কি আল্লাহর সৃষ্টি নাকি প্রকৃতির দান। আবরার তাকে বুঝিয়ে বলল যে এ পৃথিবীর সবকিছুই আল্লাহর সৃষ্টি। চন্দ্র-সূর্য, গ্রহ-নক্ষত্র এবং এসব গাছগাছালি জল-প্রপাত। সমুদ্রের জল রাশি সবাই তাঁর সৃষ্টি।

ক) তাওহিদ কোন ভাষার শব্দ? ১

খ) রিসালাত বলতে কী বোঝায়? ২

গ) আলম তার ফুফাত ভাই আবরারের নিকট প্রশ্ন করেছেন প্রশ্নটি আকাইদের কোন বিষয়ের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ) আবরারের উক্তিটির যোক্তিকতা বিশ্লেষণ কর। ৪

২। আনিকা ও আরিফা সূর্য ডুবার সময় পশ্চিম আকাশে তাকিয়ে বলল 'আলহামদুলিল্লাহ্ আনিকা বলল দেখ আরিফা সূর্য প্রতিদিন পূর্ব দিকে একই নিয়মে উদিত হয়। দিন শেষে পশ্চিম দিকে অস্ত যায়। কোন রকম ব্যতিক্রম নেই। এই গুলি আল্লাহ হুকুমেই হচ্ছে। উত্তরে আরিফা বলে, আল্লাহ তায়ালার একত্ববাদ প্রচার সত্য ও ন্যায়ের পথে চলা অন্যায় ও অশ্লীল কাজ থেকে বিরত থাকা ইত্যাদি কাজের জন্য আল্লাহ তায়ালা যুগে যুগে নবী-রাসুল পাঠিয়েছেন।

ক) কালিমা শাহাদাত অর্থ কি? ১

খ) নৈতিকতা বলতে কি বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ) আনিকা কোন বিষয়ের প্রতি ইঙ্গিত করেছে তা তোমার পাঠ্য পুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ) আরিকার উল্লেখিত বিষয়টির গুরুত্ব প্রয়োজনীয়তা বিশ্লেষণ কর। ৪

৩। হাসিব বলল, পানি, বাতাস, আলো এইগুলি মানুষের জন্য সংগ্রহ করা কঠিন। তাই আল্লাহ সহজ করে দিয়েছেন, আল্লাহ কত বড় মেহেরবান। তাই সে আল্লাহর গুণবাচক নাম গুলি অনুশীলন করার কথা বলল। শিক্ষক তাকে ধন্যবাদ দিল এবং আরো বেশী বেশী আল্লাহর প্রশংসা করার পরামর্শ করার পরামর্শ দিল।

ক) খালিক শব্দের অর্থ কি? ১
খ) আসমাউল হুসনা বলতে কি বুঝায়? ব্যাখ্যা কর। ২
গ) আল্লাহ্ তায়ালা বান্দার প্রতি অত্যন্ত দয়াবান মেহেরবান বর্ণনা কর। ৩
ঘ) মহাবিশ্ব সৃষ্টিতে আল্লাহর হিকমতের অবদান বিশ্লেষণ কর। ৪

৪। বাবুল মিথ্যা কথা বলে। বিদ্যালয়ে না গিয়ে বাহিরে ঘুরা-ফিরা করে দুপুরে বাসায় যায়। এতে তার মা তাকে বুঝালেন। দুনিয়ার ভালো মন্দ কাজের জন্য আমাদেরকে আল্লাহর বিচারের সম্মুখীন হতে হবে। এ প্রসঙ্গে তিনি বলেন "দুনিয়া আখেরাতের শস্যক্ষেত্র।"
ক) আখিরাত শব্দের অর্থ কি? ১
খ) আখিরাতে বিশ্বাসের প্রয়োজনীয়তা লিখ। ২
গ) কিভাবে বাবুলের মিথ্যা বলার অভ্যাসটি সংশোধন করা যাবে? ৩
ঘ) আখিরাতের বিশ্বাস আমাদের চরিত্রকে সুন্দর করে উক্তিটি উদ্দিপকের আলোকে আলোচনা কর। ৪

৫। তামিম ও সেলিম দুই বন্ধু। তামিম একটি সরকারী অফিসে চাকুরী করে। সে তার অফিসে সঠিক ভাবে তার উপর অর্পিত দায়িত্ব পালন করে। কোন অসৎ উপায় অবলম্বন করে অবৈধ টাকা আয় করে না। অফিসে সবার কাছে তার গ্রহণযোগ্যতা আছে। অপরদিকে সেলিম ব্যবসা করে। ব্যবসার বেশির ভাগ সময় প্রতারণার আশ্রয় নেয়
ক) নৈতিকতা অর্থ কি? ১
খ) নৈতিকতা ও ইমানের মধ্যে কিরূপ সম্পর্ক নির্ণয় কর। ২
গ) তামিম তার চাকুরী জীবনে যে পন্থায় কাজ করে মানব জীবনে তার প্রয়োজনীয়তা বর্ণনা কর। ৩
ঘ) সেলিম যে পন্থায় ব্যবসা করে এতে তার চরিত্রের কোন দিকটি ফুটে উঠেছে। তা বিশ্লেষণ কর। ৪

৬। ইসলাম ও নৈতিক শিক্ষা বিষয়ের শিক্ষক বাহার সাহেব ক্লাসে তাওহিদ সম্পর্কে বলছিলেন যে, এই যে সুন্দর সুন্দর গাছপালা তরুলতা পশুপাখি এগলো এমনি এমনি সৃষ্টি হয়নি। নিশ্চয়ই একজন স্রষ্টা এইগুলি সৃষ্টি করেছেন। তার কথা শুনলে ও মানলে জীবন সুন্দর হবে এটাই মনে প্রাণে বিশ্বাস করতে হবে।
ক) কালিমা তায়্যিবার কয়টি অংশ? ১
খ) আল্লাহ্ তায়ালার পরিচয় দাও। ২
গ) উদ্দিপকে যে তাওহীদের নিয়ম-নীতির কথা বলা হয়েছে তার তাৎপর্য ব্যাখ্যা কর। ৩
ঘ) তাওহিদের বিশ্বাসের গুরুত্ব তোমার কাছে কতটুকু বিশ্লেষণ কর। ৪

৭। হাবিব ও তার বাবা জুমার নামাজ আদায়ের জন্য মসজিদে গেল। মসজিদে প্রবেশের আগে হাবিবের বাবা বলল, আমরা আগে পবিত্র হয়ে আসি। হাবিব একাত্মতা ঘোষণা করে বলল, নামাজের জন্য পবিত্রতা একান্ত প্রয়োজনীয়।
ক) ওযু শব্দের অর্থ কি? ১
খ) ইবাদতের গুরুত্ব ব্যাখ্যা কর। ২
গ) উদ্দিপকে হাবিব ও তার বাবা কিভাবে পবিত্র হয়েছে? বর্ণনা দাও। ৩
ঘ) পবিত্র হওয়ার জন্য উক্ত মাধ্যমটি কি একমাত্র উপায়? তোমার মতামতের পক্ষে যুক্তি দাও। ৪

৮। রায়হান শ্রেণী শিক্ষক মহোদয়কে বলে প্রায়ই বাথরুমে যায় এবং খুব দ্রুত প্রয়োজন শেষ করে চলে আসে। বিষয়টি লক্ষ করে শিক্ষক মহোদয় তাকে বললেন, তুমি কি ঠিকমত পবিত্র হও না? আল্লাহ্ বলেছেন "উত্তমরূপে পবিত্রতা সম্পাদনকারীকে আল্লাহ্ তায়ালা ভালোবাসেন।"
ক) ইবাদতের মূল উদ্দেশ্য কি? ১
খ) ওযু ভঙ্গের কারণ কি কি লিখ। ২
গ) রায়হান কিভাবে পবিত্রতা লাভ করতে পারবে বর্ণনা কর। ৩
ঘ) শিক্ষক মহোদয়ের উদ্ধৃত বাণীর আলোকে পবিত্রতার গুরুত্ব ও তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৯। নাহিদ ও তার বাবা পাশাপাশি সালাত আদায় করছিল। নাহিদ আছরের ফরজ সালাত আদায় করার সময় ভুলক্রমে ২য় রাকাআত শেষে দাঁড়িয়ে যায় এবং সিজদা সাহু ব্যতীত সালাত শেষ করে ফেলে। তখন তার বাবা বলল তোমার সালাত আদায় সঠিক হয়নি। শেষ বৈঠকে তোমার সিজদায়ে সাহু আদায় করা উচিৎ ছিল।
ক) ইবাদত কত প্রকার? ১
খ) সিজদায় সাহু বলতে কি বুঝায়? ২
গ) নাহিদের সালাত আদায় কি সঠিক নিয়মে হয়েছে? তোমার মতামত দাও। ৩
ঘ) নাহিদের বাবার বর্ণিত বিষয়টি আদায়ের নিয়ম বর্ণনা কর। ৪

১০। বাহার একজন অসুস্থ ব্যক্তি। পানি ব্যবহার করলেই তার রোগ বৃদ্ধি পায়। তার জন্য ওযু, গোসল করা ঝুঁকিপূর্ণ। তার বন্ধু তারেক এ ব্যাপারে বললেন, এমন লোকদের জন্য আল্লাহ্ তায়ালা তায়াম্মুমের বিধান রেখেছেন।
ক) তায়াম্মুম কাকে বলে? ১
খ) পবিত্রতার প্রকারভেদ আলোচনা কর। ২
গ) তুমি কিভাবে ওযুর মাধ্যমে পবিত্রতা অর্জন করবে লিখ। ৩
ঘ) এমন লোকদের জন্য আল্লাহ তায়াম্মুমের ব্যবস্থা রেখেছেন। কথাটির তাৎপর্য ব্যাখ্যা কর। ৪

# মূল্যায়ন পরীক্ষা- ২০২০ খ্রিঃ

**শ্রেণি : ষষ্ঠ**

**বিষয় : চারু ও কারুকলা**

**(সৃজনশীল)**

সময় : ১ ঘণ্টা ১০ মি. পূর্ণমান-৫০

**১। যে কোন ২টি প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০**

ক) কারুশিল্প কি উদাহরণ সহ ব্যাখ্যা কর

খ) আদিম মানুষের ছবি আঁকা সম্পর্কে যা জান লিখ।

গ) বাংলাদেশের লোকশিল্প সম্পর্কে বর্ণনা কর।

**বহুনির্বাচনী প্রশ্ন (১০টি) ১০×১=১০**

১। চারুকলার প্রধান বিষয়–

(ক) ছবি আঁকা (খ) মাটির জিনিস তৈরি করা

(গ) নকশা করা (ঘ) ক্যানভাস তৈরি করা

২। ছোটদের ছবি আঁকার জন্য উপযুক্ত মাধ্যম–

(ক) তেল রং (খ) জল রং (গ) অ্যাক্রেলিক রং (ঘ) ফেব্রিক রং

৩। লোকশিল্পের নিদর্শন নিম্নের কোনটি?

(ক) লাঙল, কাস্তে (খ) নকশি কাঁথা, মাটির পুতুল

(গ) কাসার থালা (ঘ) তাঁতের শাড়ি

৪। আমাদের সামাজিক জীবনযাপনে ও পারিবারিক জীবনযাপনে যে বস্তু সামগ্রী ব্যবহৃত হয় সেগুলো–

(ক) চারুশিল্প (খ) লোকশিল্প (গ) কারুশিল্প (ঘ) সূচিশিল্প

৫। আদিম মানুষরা কোথায় ছবি আঁকত?

(ক) কাঠের পাটাতনে (খ) মাটির উপর

(গ) তালপাতার উপর (ঘ) এবড়োথেবড়ো দেয়ালে

৬। শীতলপাটি তৈরি করা হয়–

(ক) কুর্তা নামের বিশেষ গাছ থেকে (খ) মূর্তা নামের বিশেষ গাছ থেকে

(গ) সুন্দর নামের বিশেষ গাছ থেকে (ঘ) গড়ান নামের বিশেষ গাছ থেকে

৭। ব্যবহার্য জিনিসে নানারকম কারুকাজ করাকে কী বলে?

(ক) চারুশিল্প (খ) কারুশিল্প (গ) নান্দনিক শিল্প (ঘ) লোকশিল্প

৮। লোকশিল্প তৈরির জন্য নকশা হিসেবে একই চিত্রের বারবার ব্যবহারকে কি বলে?

(ক) প্রতীক (খ) নকশা (গ) মোটিফ (ঘ) আলপনা

৯। অতি প্রাচীনকালে বাঙালি মেয়েদের সাজ-সজ্জায় কিসের ব্যবহার ছিল?

(ক) অলঙ্কার (খ) লিপেস্টিক (গ) টিপ (ঘ) শাড়ি

১০। বাংলাদেশের কারুশিল্পের অনেক নিদর্শন কোথায় সংরক্ষিত আছে?

(ক) জাতীয় জাদুঘরে (খ) বরেন্দ্র জাদুঘরে

(গ) জয়নুল জাদুঘরে (ঘ) মুক্তিযুদ্ধ জাদুঘরে

**ব্যবহারিক অংশ**

নকশা– ১৫

কারুশিল্প অংকন– ১৫